যুগান্তর

তারিখ 11 MAY 2014
পৃষ্ঠা ... কলাম ...

সেমিনারে সলিমুল্লাহ খান

# নয়াশিক্ষানীতি ফ্যাসিবাদী শিক্ষানীতির কংকাল

যুগান্তর রিপোর্ট

মহাজোট সরকারের প্রণীত ২০১০ সালের শিক্ষানীতিকে 'ফ্যাসিবাদী শিক্ষানীতির কংকাল' হিসেবে আখ্যায়িত করেছেন বিশিষ্ট চিন্তাবিদ সলিমুল্লাহ খান। শনিবার রাজধানীতে প্রাথমিক শিক্ষা সম্পর্কিত এক সেমিনারে মূল প্রবন্ধে তিনি এ কথা বলেন। একই সঙ্গে এতে তিনি প্রাথমিক শিক্ষাকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত উন্নীত করারও প্রস্তাব করেন। সভায় বেশ কয়েকজন বক্তা তার এ প্রস্তাবকে সমর্থন করে বলেন, প্রচলিত শিক্ষা ব্যবস্থা প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরায়নের পরিবর্তে দ্বাদশ শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষা পদ্ধতি হওয়া প্রয়োজন। বেসরকারি উন্নয়ন সংগঠন 'আমার অধিকার ফাউন্ডেশন' আয়োজিত 'বাংলাদেশে প্রাথমিক শিক্ষা : গুণগত মান ও বৈষম্য' শীর্ষক ওই সেমিনারে সভাপতিত্ব করেন সংগঠনের চেয়ারপারসন সিরাজুদ দাহার খান। অন্যদের মধ্যে তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, শিক্ষাবিদ এএন রাশেদা চৌধুরী, জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির সদস্য অধ্যাপক কাজী ফারুক আহমেদ প্রমুখ আলোচনায় অংশ নেন।

মূল প্রবন্ধে সলিমুল্লাহ খান বলেন, 'দুর্ভাগ্যবশত বর্তমানে যে নতুন শিক্ষানীতি প্রবর্তিত হচ্ছে তা অগণতান্ত্রিক পথেই অগ্রসর হচ্ছে। ... বর্তমান শিক্ষানীতির গোড়া খুঁড়ে দেখলে সেই ফ্যাসিবাদী শিক্ষানীতির কংকাল পাওয়া যাবে।' তিনি আরও বলেন, শিক্ষাক্ষেত্রে অগণতন্ত্রের প্রথম উপসর্গ হচ্ছে প্রাথমিক শিক্ষা শেষ না করেই বৃত্তিমূলক শিক্ষায় ছাত্রছাত্রীদের ভর্তি করা। অনুষ্ঠানে রাশেদা কে চৌধুরী শিক্ষানীতির পক্ষে জোরালো অবস্থান নিয়ে। বলেন, আদর্শ আদর্শের জায়গায়, আর বাস্তবতা তার জায়গায়। তিনি বলেন, শিক্ষাক্ষেত্রের প্রতিটি ধাপেই বৈষম্য বিরাজমান। তাই মান বাড়ানোর চেয়ে বৈষম্য কমানো দরকার।